গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মনিটরিং শাখা-১

স্মারক নং-মপ্রাম/ মপ-২/৪৫/২০০৯/(অংশ-১)/২২ তারিখ ঃ ০৫/০৩/২০১৩ খ্রিঃ

প্রাপক ঃ
১. জেলা প্রশাসক ...........................................................(সংশ্লিষ্ট
২. জেলা মৎস্য কর্মকর্তা.................................................... (সংশ্লিষ্ট)
৩. উপজেলা নির্বাহী অফিসার............................................ (সংশ্লিষ্ট )
৪. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা.................................. (সংশ্লিষ্ট)

# পরিপত্র -৩

**বিষয়ঃ "জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান" প্রকল্প এর মাধ্যমে মাঠ পর্যায়ের জেলেদের তালিকা প্রণয়ন: গণনাকারী নিয়োজিতকরণ নীতিমালা এবং কার্যপরিধি ইত্যাদি।**

মহোদয়,

আমি নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর অধীন মৎস্য অধিদপ্তরের উন্নয়ন খাতভূক্ত "জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প" কর্তৃক সারাদেশ ব্যাপী জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। কার্যক্রমের অংশ হিসাবে গণনাকারী নিয়োজিত করার মাধ্যমে জেলেদের নিবন্ধন ও প্রাথমিক তালিকা প্রস্তুতের কার্যক্রম পরিচালনার জন্য গণনাকারী নিয়োজিত করার বিষয়ে বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলো ঃ

**২। গণনাকারী নিয়োজিতকরণঃ** গণনাকারী হিসেবে নিয়োজিত করার উপযুক্ত ব্যক্তিকে ঐ উপজেলার বসবাসরত স্থানীয় বাসিন্দা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা হবে ন্যূনতম এইচ.এস.সি পাশ বা সমমানের অথবা উচ্চতর যোগ্যতা সম্পন্ন, তবে উক্ত উপজেলায় জেলে পরিবারের অনুরূপ শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন উপযুক্ত প্রার্থী গণনাকারী হিসেবে অগ্রাধিকার পাবেন। মৎস্য অধিদপ্তরের উপজেলা টিম ( সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী মৎস্য কর্মকর্তা, ক্ষেত্র সহকারী ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা ও পরামর্শ করে গণনাকারী নিয়োজিত করবেন। পরবর্তিতে গণনাকারীগণ উপজেলা টিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। তালিকা সংগ্রহের কাজটি জাতীয় গুরুত্বপূর্ণ বিধায় গণনাকারী নিয়োজিতকরণে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে।

## ৩। গণনাকারীর কার্যপরিধিঃ

১. গণনাকারী প্রশিক্ষণ গ্রহণ করে উপজেলা টিমের সাথে তাঁর কাজের ক্ষেত্র (এলাকা) চিহ্নিত করবেন এবং তথ্য সংগ্রহ ফরম গ্রহণ করবেন।

২. গণনাকারীগণ তথ্য সংগ্রহ ফরম পুরণের জন্য জেলেদের বাড়ী বাড়ী গমন করে ফরম পুরণ করবেন এবং ছবি উঠানোর জন্য শ্লিপ (ফরমের একই নম্বর) দিয়ে আসবেন।

৩. তালিকা চুড়ন্তভাবে অনুমোদিত হলে মাইকিং এর মাধ্যমে ছবি উঠানোর তারিখ সংশ্লিষ্ট ইউনিয়নে প্রচার করার ব্যবস্থা করতে হবে।

৪. ছবি উঠানোর জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান ইউনিয়ন পর্যায়ে ক্যাম্প স্থাপন করে নির্দিষ্ট দিনে ডিজিটাল ক্যামেরার মাধ্যমে রঙ্গিন ছবি তুলতে হবে এবং পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি স্পষ্ট রঙ্গিন ছবি শ্লিপ নম্বর (ছবির পিছনে) উল্লেখ করে সংগ্রহ করতে হবে।

৫. ছবি সহ ফরম পূরন শেষ করে পূর্ণাঙ্গ তালিকা প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণের জন্য সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট দাখিল করবেন।

৬. একজন গণনাকারী গড়ে ৪০০ (চারশত) জন জেলের ফরম পূরণ করবেন।

## ৪। প্রাথমিক তালিকা প্রস্তুতের সময়সূচিঃ

প্রকল্প পরিচালক কর্তৃক প্রাথমিক তালিকা প্রস্তুতের সময়সূচী নির্ধারণ পূর্বক সংযুক্তি-১ হিসাবে প্রেরণ করবেন।

## ৫। উপজেলা বাস্তবায়ন কমিটির গঠন ঃ

উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি রয়েছেঃ-

| | |
|---|---|
| মাননীয় সংসদ সদস্য | - প্রধান উপদেষ্টা |
| উপজেলা চেয়ারম্যান | - উপদেষ্টা |
| ১। উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| ২। উপজেলা কৃষি কর্মকর্তা | - সদস্য |
| ৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - সদস্য |
| ৪। উপজেলা সমবায় কর্মকর্তা | - সদস্য |
| ৫। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - সদস্য |
| ৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্য |
| ৭। পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | -সদস্য |
| ৮। স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | -সদস্য |
| ৯। স্থানীয় দুজন জেলে প্রতিনিধি (উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১০। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা | - সদস্য সচিব |

## ৬। কমিটির কার্যপরিধিঃ

১. প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি দৈব চয়ন (৫-১০)% পদ্ধতিতে যাচাই-বাছাই করবে;

২. যাচাই-বাছাইকৃত তালিকা প্রদর্শনের জন্য ইউনিয়ন পরিষদ কার্যালয়ে টাঙ্গিয়ে দেয়া হবে। তালিকা সম্পর্কীত কোন আপত্তি থাকলে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিষ্পত্তি করার পর তালিকা চূড়ান্তভাবে অনুমোদন করবেন;

৩. তালিকা অনুমোদন হবার পর ছবি উঠানোর কার্যক্রম গ্রহন করবে;

৪. অনুমোদনকৃত তালিকার জেলেদের ছবি উঠানোর জন্য ইউনিয়ন পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ক্যাম্প স্থাপন করবে;

৫. সংশ্লিষ্ট উপজেলা প্রাথমিক তালিকা অনুমোদন করে ছবিসহ পুরনকৃত তথ্য ফরম প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণ করবে।

**বি.দ্র. উপজেলা বাস্তবায়ন কমিটি প্রাথমিক তালিকা প্রস্তুতের সময়সূচি (সংযুক্তি-১) প্রয়োজনে এগিয়ে আনতে পারবে।**


০৫/০৩/২৩
( এইচ. এম. মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৬৫৭৭৫


**বিতরণঃ**

১. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন রাষ্ট্র মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ / অর্থ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ পরিসংখ্যান বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মহা -পুলিশ পরিদর্শক, ঢাকা।

৩. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।

৪. মহা-পরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা।

৫. মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাও, ঢাকা।

৬. বিভাগীয় কমিশনার,.................................................. (সংশিষ্ট)

৭. মহা-পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবর্ন, রমনা, ঢাকা।

৮. পুলিশ সুপার............................................................ (সংশ্লিষ্ট)

৯. উপজেলা চেয়ারম্যান,................................................... (সংশ্লিষ্ট)

১০. প্রকল্প পরিচালক, জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প, ঢাকা।

১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা........................................................( সংশ্লিষ্ট)

সংযুক্তি-১

# নিম্নবর্ণিত জেলা ও উপজেলার জেলেদের নিবন্ধন ও প্রাথমিক তালিকা প্রস্তুতের সময়সূচী নিম্নরূপঃ

মানিকগঞ্জ জেলার হরিরামপুর, শিবালয় ও দৌলতপুর , নেত্রকোনা জেলার মোহনগঞ্জ, খালিয়াজুড়ী, মুন্সিগঞ্জ জেলার গজারিয়া, লৌহজং, চাঁদপুর জেলার মতলব (উত্তর) ও মতলব (দক্ষিণ), লক্ষ্মীপুর জেলার রামগতি, নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ, কক্সবাজার জেলার কুতুবদিয়া ও পেকুয়া, বরিশাল জেলার হিজলা ও বাবুগঞ্জ, পিরোজপুর জেলার জিয়ানগর ও কাউখালী, খুলনা জেলার দাকোপ ও রুপসা, বাগেরহাট জেলার রামপাল, মংলা, মোড়েলগঞ্জ ও কচুয়া, পাবনা জেলার ফরিদপুর উপজেলা।

**প্রাথমিক তালিকা প্রস্তুতের সময়সূচীঃ**

| | | | |
|---|---|---|---|
| ১. | তথ্য ফরম পূরণ | ঃ | ১৫ মে ২০১৩ হতে ০৫ জুন ২০১৩ পর্যন্ত; |
| ২. | উপজেলা বাস্তবায়ন কমিটির নিকট প্রাথমিক তালিকা উপস্থাপন | ঃ | ১০ জুন ২০১৩ এর মধ্যে; |
| ৩. | উপজেলা বাস্তবায়ন কমিটি কর্তৃক তালিকা যাচাই বাছাই করণ | ঃ | ১৭ জুন ২০১৩ এর মধ্যে শেষ করতে হবে; |
| ৪. | ইউনিয়ন পরিষদ অফিসে খসড়া তালিকা প্রদর্শন | ঃ | ২০ জুন ২০১৩ হতে ২৭ জুন ২০১৩ পর্যন্ত; |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আপত্তি নিষ্পত্তি করণ ও তালিকা চুড়ান্তভাবে অনুমোদন | ঃ | ২৮ জুন ২০১৩ হতে ৫ জুলাই ২০১৩ পর্যন্ত; |
| ৬. | অনুমোদনকৃত তালিকার ছবি উঠানো | ঃ | ১০ জুলাই ২০১৩ হতে ২৫ জুলাই ২০১৩ পর্যন্ত; |
| ৭. | ছবিসহ চুড়ান্ত তালিকা প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ | ঃ | ০৫ আগস্ট ২০১৩ এর মধ্যে। |

**(মোঃ আরিফুর রহমান তরফদার)**
প্রকল্প পরিচালক
জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।